

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-২

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-২

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৪০৫.০৭.০৪৪.২৪ নথির বিষয়ঃ Installation of net fencing and ancillary works in intake tower of Buriganga river under for CWTP under MODS Zone-2, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোটঃ ১ নোটের বিষয়ঃ Installation of net fencing and ancillary works in intake tower of Buriganga river under for CWTP under MODS Zone-2, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৫/৯/২৪ ৫:০৩ অপরাহ্ন

সংযুক্ত ক্রঃ নং ০১ হতে ০৪ দয়া করে দেখা যেতে পারে। চাঁদনীঘাট পানি শোধনাগারে(ঢাকা ওয়াটার ওয়ার্কস) বুড়িগঙ্গা নদী হতে লো-লিফট পাম্পিং স্টেশনের নতুন ও পুরাতন ঘরের ৬(ছয়) সেট পাম্প মোটরের মাধ্যমে রিসিভিং ওয়েলে 'র' ওয়াটার আনা হয়। উক্ত রিসিভিং ওয়েলের পানিতে প্রসেস কেমিক্যাল অর্থাৎ এলাম, ক্লোরিন, ব্লিচিং পাউডার ও পলিমার (ম্যাক্স ফ্লোক -টি) ডোজিং করে বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে পানি পরিশোধন করে নেটওয়ার্কে সরবরাহ করা হচ্ছে। লো-লিফট পাম্পিং স্টেশনে পানি আনার জন্য বুড়িগঙ্গা নদীতে একটি ইনটেক টাওয়ার রয়েছে। উক্ত ইনটেক টাওয়ারের নদীর সাইডে(দক্ষিণ) বিভিন্ন সাইজের মোট ৫টি ইনলেট হোল/ স্ক্রীন রয়েছে। উক্ত স্ক্রীনগুলোতে পলিথিন, ককশীট, ডাবের খোসা, ছেড়া জুতা, পাইপ, কচুরীপানা প্রভৃতি আটকিয়ে ও স্লাজ জমে পানির ফ্লো বন্ধ হয়ে যায়। সেই কারণে লো-লিফট পাম্পিং স্টেশনের পাম্প মোটরগুলো চালানো যায় না। চালানো গেলেও সামান্য পরিমাণে পানি আসে। ফলে প্লান্টের পানির উৎপাদন কমে যায়। তাই প্লান্টের উৎপাদন স্বাভাবিক রাখার লক্ষ্যে ডুবুরীর মাধ্যমে প্রতিনিয়ত ইনটেক টাওয়ারের ম্যানুয়াল স্ক্রীনগুলো ও আশেপাশে ক্লিনিং করতে হয়। পূর্ব অভিজ্ঞতা থেকে দেখা গেছে ইনটেক টাওয়ার ক্লিনিং করার ৩ দিন পরে, কখনও ৭ দিন অথবা ১০ দিন পরেই উজান থেকে আসা ময়লা-আবর্জনা স্ক্রীনে জমে পানির ফ্লো কমে যায়। প্রতিনিয়ত ইনটেক টাওয়ার ক্লিনিং করার ফলে প্লান্টের মেরামত ও রক্ষণাবেক্ষণ খরচ বৃদ্ধি পাচ্ছে। প্লান্টের পানির উৎপাদন স্বাভাবিক রাখার লক্ষ্যে ইনটেক টাওয়ারের হোল/স্ক্রীনগুলো ও আশেপাশের এলাকা ক্লিনিং রাখার জন্য সায়েদাবাদ পানি শোধনাগারের ডিএনডি খালের বিভিন্ন এরিয়েশন জোনের নেট-বাঁশ ফেন্সিং এর আলোকে ইনটেক টাওয়ারের চারপাশে নেট-বাঁশ ফেন্সিং স্থাপন করা প্রয়োজন। ইনটেক টাওয়ারের চারপাশে বাঁশ ও নেট স্থাপন করা হলে পলিথিন, ভাসমান ময়লা-আবর্জনা, কচুরীপানা ও অন্যান্য ময়লা-আবর্জনা প্রতিরোধ করা সম্ভব হবে। উল্লেখ্য যে শুষ্ক মৌসুম চলায় নদীর পানির লেভেল কমে যায়(০.৫ - ০.৭ মিটার)। সেই কারণে পাম্প চালালেই আশেপাশের পলিথিন, ময়লা-আবর্জনা ইনটেক টাওয়ারের স্ক্রীনগুলো জমে যায়। সেই কারণে নেট-বাঁশ ফেন্সিং স্থাপন করা প্রয়োজন। এছাড়া ইনটেক টাওয়ারের উত্তর সাইডে ৭০০ এম এম ডায়ার পাইপ লাইন রয়েছে। উক্ত পাইপ লাইনের মাধ্যমে লো-লিফট পাম্প হাউজে পানি আনা হয়। নদীর পানিতে স্লাজ থাকা

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

টাওয়ারের চারদিকে প্রচুর পরিমাণে কচুরীপানা থাকে। ক্লিনিং কাজের সময় উক্ত কচুরীপানা পরিষ্কার করার প্রয়োজন হয়। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে(ক্র: নং-৪ দ্র:)। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা:৪,৮৯,৪১৩.০০ (চার লক্ষ ঊনানব্বই হাজার চারশত তের) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ মডুস জোন-২ এর ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম) খাত হতে বাজেটভুক্ত করা যেতে পারে। কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১০৮, প্যাকেজ নং-ডব্লিউ১ তে ধরা আছে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। মডুস জোন-২ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি.pdf
- ২। দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।.pdf
- ৩। ক্যালকুলেশন সীট.pdf
- ৪। উপস্থাপিত প্রাক্কলন.pdf

সনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৫/৯/২৪ ৫:০৩ অপরাহ্ন

চাঁদনীঘাট পানি শোধনাগারের ইনটেক টাওয়ারের চারপাশে নেট-বাঁশ ফেন্সিং স্থাপন, ইনটেক টাওয়ারের হোল/স্ক্রীন, ৭০০ এমএম ডায়ার পাইপ লাইন, স্লাজ ও কচুরীপানা ক্লিনিং কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে ক্রয় কাজটি পিপিআর ২০০৮ এর ৬৩(১) (ক) ধারায় সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম ই-জিপি) তে করা যেতে পারে। যার দরপত্র ডকুমেন্ট পিডব্লিউ২ এর আলোকে করা হবে।

সনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৫/৯/২৪ ৫:০৭ অপরাহ্ন


এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে চাঁদনীঘাট পানি শোধনাগারের পানি সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে জরুরী বিবেচনায় বুড়িগঙ্গা নদীতে অবস্থিত ইনটেক টাওয়ারের চারপাশে নেট ফেন্সিং স্থাপন, ইনটেক টাওয়ারের হোল/স্ক্রীন, ৭০০ এমএম ডায়ার পাইপ লাইন, স্লাজ ও কচুরীপানা ক্লিনিং কাজে উপস্থাপিত সর্বমোট টা:৪,৮৯,৪১৩.০০ (চার লক্ষ ঊনানব্বই হাজার চারশত তের) টাকা কাজের প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর ২০০৮ এর ৬৩(১) (ক) ধারায় সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম ই-জিপি) তে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাভুক্ত।



২৫/৯/২৪ ৫:০৭ অপরাহ্ন
মোঃ ওমর ফারুক
উপ-সহকারী প্রকৌশলী
মডুস জোন-২



২৫/৯/২৪ ৬:১৮ অপরাহ্ন
সোনিয়া আক্তার
সহকারী প্রকৌশলী
মডুস জোন-২



২৬/৯/২৪ ১১:৩৬ পূর্বাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডুস জোন-২



২৭/৯/২৪ ৭:৪৭ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-১

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

ঢাকা ওয়াসা

২৭/৯/২৪ ৭:৪৭ অপরাহ্ন

মুস্তাফিজুর রহমান

প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২৯/৯/২৪ ১২:৩৭ পূর্বাহ্ন

Okay

২৯/৯/২৪ ১২:৫৭ পূর্বাহ্ন

মুস্তাফিজুর রহমান

প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

২৯/৯/২৪ ৭:১৪ পূর্বাহ্ন

মোঃ আব্দুল মজিদ

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

২৯/৯/২৪ ১১:৫৮ পূর্বাহ্ন

মোহাম্মদ নজরুল ইসলাম

নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২

২৯/৯/২৪ ১১:৫৯ পূর্বাহ্ন

সোনিয়া আক্তার

সহকারী প্রকৌশলী
মডস জোন-২

২৯/৯/২৪ ১১:৫৯ পূর্বাহ্ন

মোঃ ওমর ফারুক

উপ-সহকারী প্রকৌশলী

মডস জোন-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা